# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯২

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

بَابُ الْإِيْمَانِ بِالْقَدْرِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَدُ اللَّهِ مَلْأَى لَا تَغِيضُهَا نَفَقَةٌ سَحَّاءُ اللَّيْلَ وَالنَّهَارَ أَرَأَيْتُمْ مَا أَنْفَقَ مُذْ خَلَقَ السَّمَاءَ وَالْأَرْضَ؟ فَإِنَّهُ لَمْ يَغِضْ مَا فِي يَدِهِ وَكَانَ عَرْشُهُ عَلَى الْمَاءِ وَبِيَدِهِ الْمِيزَانُ يَخْفِضُ وَيرْفَع» وَفِي رِوَايَةٍ لِمُسْلِمٍ: «يَمِينُ اللَّهِ مَلْأَى قَالَ ابْنُ نُمَيْرٍ مَلْآنُ سَحَّاءُ لَا يُغِيضُهَا شَيْءٌ اللَّيْل والنهار»

বাংলা

৯২-[১৪] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা’আলার হাত সদাসর্বদা পূর্ণ। অবিরাম মুষলধারে বর্ষণকারীর মতো দান কখনও তা কমাতে পারে না। তোমরা কি দেখছো না, তিনি যখন থেকে এ আসমান-জমিন সৃষ্টি করেছেন তখন থেকে কতই না দান করে আসছেন। অথচ তাঁর হাতে যা ছিল তার থেকে কিছুই কমায়নি। তাঁর ’আর্‌শ (আরশ) (প্রথমে) পানির উপর ছিল। তাঁর হাতেই রয়েছে দাঁড়িপাল্লা। তিনি এ দাঁড়িপাল্লাকে উঁচু বা নিচু করে থাকেন। (বুখারী, মুসলিম)[1]

সহীহ মুসলিম-এর অপর এক বর্ণনায় রয়েছে, আল্লাহর দক্ষিণ (ডান) হাত সদা পরিপূর্ণ। আর ইবনু নুমায়র (রহঃ)-এর বর্ণনায় আছে, আল্লাহর হাত পরিপূর্ণ, দিন-রাতের মধ্যে সর্বদা দানকারী কোন কিছুই এতে কমাতে পারে না।

## English

Chapter: Belief in the Divine Decree - Section 1

Abu Huraira reported God’s messenger as saying, “God’s hand is full, undiminished by any expenditure, bountiful night and day. Have you seen what He has expended since He created the heaven and the earth, for what His hand holds has not decreased? His throne was upon the water, and in His hand the scale which He lowers and raises.”

(Bukhari and Muslim.)
A version by Muslim says, “God’s right hand is full.” Ibn Numair said, “Full and pouring out blessings night and day, being decreased by nothing.”

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭৪১১, মুসলিম ৯৩৩, সহীহাহ্ ৩৫৫০, সহীহ আল জামি‘ ৮০৬৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَدُ اللهِ مَلْأَى) আল্লাহর হাত পরিপূর্ণ। অর্থাৎ- ধন ও প্রাচুর্যে তিনি পরিপূর্ণ। তাঁর নিকট এত রিযক্ব (রিজিক/রিযিক) রয়েছে যার কোন শেষ নেই। এ দ্বারা আল্লাহর নি‘আমাতের আধিক্যের ও প্রাচুর্যের এবং তাঁর দানের বিশালতা ও সার্বজনিনতার প্রতি ইঙ্গিত করা হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54651

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন